বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪৪

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল-এর সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটির সভা প্রসঙ্গে।**

গত ২০ জুলাই ২০২৫ তারিখে বিএসইসি কর্তৃক গঠিত শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল-এর সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়। সকাল ১০ ঘটিকায় উক্ত কমিটির আহ্বায়ক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদের সভাপতিত্বে রাজধানীর আগারগাঁও এ বিএসইসি ভবনে উক্ত সভা শুরু হয়। সভায় কমিটির সদস্য বিএসইসির কমিশনার জনাব মোঃ আলী আকবর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র এর ডিন অধ্যাপক ড. মোহাম্মদ অলী উল্যাহ, বেফাকুল মাদারিসিল আরাবিয়া এর মহাসচিব জনাব মাওলানা মাহফুজুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এইচ. এম. মোশারফ হোসেন, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া এর থিওলোজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ডিন অধ্যাপক ড. আ.ব.ম. ছিদ্দিকুর রহমান আশ্রাফী, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশের গবেষণা বিভাগের মুহাদ্দিস ড. ওয়ালীয়ুর রহমান খান, বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পেশ ইমাম জনাব মুফতী মুহিবুল্লাহিল বাকী নদভী এবং বিএসইসির অতিরিক্ত পরিচালক ও শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল সেক্রেটারিয়েট-এর আহ্বায়ক জনাব শেখ মোঃ লুৎফুল কবির অংশগ্রহণ করেন।

সভায় শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিজ সংক্রান্ত বিধি-বিধান, শরীয়াহ অ্যাডভাইজরী কাউন্সিলের গঠন, উহার দায়-দায়িত্ব এবং কার্যক্রম সম্পর্কে একটি সংক্ষিপ্ত প্রেজেন্টেনশন উপস্থাপিত হয় এবং উক্ত বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠিত সভায় সভার সভাপতি বিএসইসির চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ অন্যান্যের মধ্যে বলেন, বাংলাদেশে সংখ্যাগরিষ্ঠ মানুষ মুসলিম, যাদের অধিকাংশই সুদ ভিত্তিক বিনিয়োগ করার পরিবর্তে শরীয়াহ ভিত্তিক বিনিয়োগ তথা সুদবিহীন বিনিয়োগে উৎসাহিত। এজন্য শুধু বন্ড মার্কেট নয়, শরীয়াহ ভিত্তিক মার্কেটের সম্পূর্ণ অবকাঠামো (Infrustructure)-টাই পুনর্গঠন (rebuild) করা প্রয়োজন। সেসকল বিনিয়োগকারীদের কথা চিন্তা করে শরীয়াহ ভিত্তিক সিকিউরিটিতে বিনিয়োগে উৎসাহিত করার নিমিত্ত Bangladesh Securities and Exchange Commission (Shariah Advisory Council) Rules, 2022 প্রণীত হয়েছে। দেশের পুঁজিবাজারের জন্য ইসলামিক শরীয়াহ ভিত্তিক বিভিন্ন ধরণের সিকিউরিটিজে বিনিয়োগের নতুন সুযোগ ও সম্ভাবনা তৈরি করবে।

ইসলামিক শরীয়াহ ভিত্তিক বিভিন্ন ধরণের সিকিউরিটিজ ইস্যুসহ ইসলামিক ক্যাপিটাল মার্কেট গঠনের ক্ষেত্রে শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে বিএসইসির প্রত্যাশা এবং এজন্যই বিএসইসি শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল গঠনের উদ্যোগ গ্রহণ করেছে। শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিলের মাধ্যমে আগামীতে বাংলাদেশের পুঁজিবাজারে ইসলামিক শরিয়াহভিত্তিক সিকিউরিটিজ নিয়ে আসার সুযোগ বৃদ্ধি পাবে এবং ইসলামিক সিকিউরিটিজে বিনিয়োগে আগ্রহী দেশি-বিদেশী বিনিয়োগকারীরা দেশের পুঁজিবাজারে বিনিয়োগে আরো উৎসাহী হবেন বলে বিএসইসি মনে করে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২১/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

